



# বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার, ১৪ লিংক রোড, পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০  
ওয়েবসাইটঃ www.pcb.gov.bd, ই-মেইল: info@pcb.gov.bd



স্মারক নং: পিসিবি/২১৯৬

তারিখঃ ১২ ফাল্গুন ১৪২৬  
২৫ ফেব্রুয়ারী ২০২০

**বিষয়ঃ অনলাইনে (Online) “এ” ক্যাটাগরির রেজিস্ট্রেশন সনদের আবেদন, উত্তোলন ও নবায়ন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০১ মার্চ ২০২০ তারিখ হতে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের “এ” ক্যাটাগরিতে রেজিস্ট্রেশন সনদের আবেদন, সনদ উত্তোলন ও রেজিস্ট্রেশন সনদ নবায়নের আবেদন অনলাইনে (Online) গ্রহণ করা হবে। অনলাইন আবেদনের ক্ষেত্রে কাউন্সিল কর্তৃক নির্ধারিত ফি অনলাইনে বিকাশের (bKash) মাধ্যমে জমা করতে হবে। কাউন্সিল নির্ধারিত ফি প্রদানের ক্ষেত্রে অনলাইন চার্জ আবেদনকারীকে বহন করতে হবে। অনলাইন আবেদনের ক্ষেত্রে পে-অর্ডার/ডি.ডি গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য, অনলাইনে আবেদনের পূর্বে আবেদনের নির্দেশিকাটি ভালো করে জেনে নিন এবং নির্দেশিকা অনুসারে আবেদনপত্র পূরণ করণ ও নির্ধারিত ফি জমা করণ। অন্যথায়, আপনার আবেদনটি বাতিল বলে বিবেচিত হবে।

আবেদনপত্রটি সফলভাবে জমা হবার পর কাউন্সিল থেকে পুনরায় এস.এম.এস পাঠানোর ১৫ দিনের মধ্যে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারীকে স্ব-শরীরে সকল সনদপত্র ও নম্বর পত্রের মূলকপি ও সংশ্লিষ্ট কাগজপত্রাদিসহ আবেদনপত্রের প্রিন্ট কপি এবং নবায়নের ক্ষেত্রে আবেদনকারীকে স্ব-শরীরে রেজিস্ট্রেশন সনদের মূল কপি ও আবেদনপত্রের কপি নিয়ে কাউন্সিলে সকাল ১১:০০ হতে বিকাল ৪:০০ টার মধ্যে উপস্থিত হতে হবে। অন্যথায়, আপনার আবেদনপত্রটি বাতিল বলে বিবেচিত হবে এবং ফি অফেরতযোগ্য।

(মুহাম্মদ মাহবুবুল হক)

সচিব

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল